দৈনিক সংবাদ

তারিখ 28 APR 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

39

# এসএসসি পরীক্ষা আরো ৯ শতাধিক বহিষ্কার

এসএসসি পরীক্ষার চতুর্থ দিনে গতকাল সোমবার দেশের ৪টি বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে মোট ৯৬৩ জন পরীক্ষার্থী ও ২ জন শিক্ষককে বহিষ্কার করা হয়। বহিষ্কৃত শিক্ষকদের মধ্যে রয়েছেন নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলার বজরা হাইস্কুলের প্রধান শিক্ষক এবং সিরাজগঞ্জ জেলার শাহজাদপুরের শিক্ষক। এদের বহিষ্কারের কারণ জানা যায়নি। এছাড়া পরীক্ষা কেন্দ্রের ২শ' গজের মধ্যে জারিকৃত ১৪৪ ধারা ভঙ্গের দায়ে দু'ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। এদের বাড়ি কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম ও বুড়িচং-এ।

দেশের বিভিন্ন স্থান থেকে

এসএসসি ঃ পৃঃ ১২ কঃ ৩

## এসএসসি ঃ আরোবহিষ্কার

(১ম পাতার পর)

আমাদের জেলা বার্তা পরিবেশক ও নিজস্ব সংবাদদাতারা জানান; অসদুপায় অবলম্বনের দায়ে গাজীপুরে ২৮ জন, নরসিংদী ১৪, চট্টগ্রাম ৩৬, কক্সবাজার ২৮, বান্দরবান ৮, নোয়াখালী ৩৬, ফেনী ৩১, কুমিল্লা ৭৩, চাঁদপুর ২১, সিলেট ২৩, মৌলভীবাজার ১৭, সুনামগঞ্জ ৪, হবিগঞ্জ ১০, নীলফামারী সদর ৬, জলঢাকা ৫, কিশোরগঞ্জ ১, লক্ষ্মীপুর ২৪ এবং কুষ্টিয়ায় ২ জন পরিদর্শকসহ ৩৩ জনকে বহিষ্কার করা হয়।